সভাপতি, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

এবং

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৭ - ৩০ জুন, ২০১৮

# সূচিপত্র

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন-১ : চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর রূপকল্প ( Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি।

সেকশন-২ : চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ।

# চাঁদপুর পবিস-২ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of Chandpur PBS-2)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:**

- **সাম্প্রতিক বছরসমূহের (২৭/০৫/২০১৫ইং হতে এপ্রিল'২০১৭ ইং পর্যন্ত) প্রধান অর্জনসমূহ ঃ**

৯২০ বর্গ কিঃমিঃ ভৌগোলিক এলাকা নিয়ে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ গঠিত। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে চাঁদপুর পবিস-২ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গ্রামীন জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানোন্নয়ের লক্ষ্যে মে'২০১৭ খ্রিঃ পর্যন্ত ৩৭০৯ কিঃ মিঃ বৈদ্যুতিক লাইন নির্মান সম্পন্ন করা হয়েছে। এপ্রিল'২০১৭ খ্রিঃ পর্যন্ত ২,৪২,৪৫৯ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। অত্র পবিসের ০৫টি উপকেন্দ্রের মধ্যে মহামায়া ২০এমভিএ, মতলব উত্তর ১০এমভিএ, মতলব দক্ষিন ১০ এমভিএ , ফরিদগঞ্জ ২০ এমভিএ উপকেন্দ্র এবং সম্প্রতি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ১.৮ মিলিয়ন প্রকল্পের আওতায় চাঁদপুর সদর উপজেলার আমানউল্লাহপুর ৩৩/১১ কেভি ১০এমভিএ একটি উপকেন্দ্র বিদ্যুতায়ন হয়েছে এছাড়া মতলব উত্তর উপকেন্দ্রের ক্ষমতা ১০ এমভিএ থেকে ১৫ এমভিএ উন্নীত করা হয়েছে । অত্র পবিসের চাঁদপুর-হাজীগঞ্জ ৩৩ কেভি ফিডারের ওভারলোড সমস্যা নিরসনের লক্ষ্যে সমিতির অর্থায়নে ১২(বার) কোটি টাকা ব্যয়ে ১.৪ কিঃ মিঃ আন্ডারগ্রাউন্ড ক্যাবল লাইন নির্মান করে চাঁদপুর-হাজীগঞ্জ ৩৩ কেভি ফিডারের লোড বিভাজনপূর্বক ওভারলোড মুক্ত করা হয়েছে। ফলে অত্র পবিসে সিস্টেম লস হ্রাস করে কাঙ্খিত পর্যায়ে আনা সম্ভব হবে। বিগত অর্থ বছরে বকেয়া মাস ১.০৫ অর্জন করা হয়েছে। বর্তমানে ০২ টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন কাজ চলমান আছে যাহা আগামী ডিসেম্বর'১৭ বিদ্যুতায়ন সম্পন্ন হবে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর পিক লোড ৫৪ মেঃওঃ। এ পর্যন্ত চাহিদা অনুযায়ী জাতীয় গ্রীড হতে বিদ্যুৎ গ্রহণ করা সম্ভব ৪২ মেঃওঃ। গ্রীষ্মে ও রমজান মাসে জাতীয় গ্রীড হতে গ্রাহকের চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া গেলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সম্ভব হবে। জাতীয় গ্রীড হতে চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া না গেলে এবং চাঁদপুর ১৫০ মেঃওঃ সিসিপিপি প্লান্ট বন্ধ থাকলে লো-ভোল্টেজ জনিত সমস্যার কারনে গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখা সমিতির জন্য একটি বড় চ্যালেঞ্জ। তাছাড়া চাঁদপুর-মতলব এবং চাঁদপুর-লক্ষীপুর ৩৩ কেভি লাইন ওভারলোড অবস্থায় রয়েছে। চাঁদপুর-মতলব ৩৩ কেভি ফিডার ওভারলোড সমস্যা নিরসনের জন্য চাঁদপুর গ্রীড হতে আমানুল্লাহপুর পর্যন্ত ৮কিঃ মিঃ ৩৩ কেভি লাইন নির্মানের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। চাঁদপুর-লক্ষীপুর ৩৩ কেভি ফিডার এর ওভারলোড সমস্যা নিরসনের জন্য ইচলি হতে ফরিদগঞ্জ উপকেন্দ্র পর্যন্ত ১০ কিঃমিঃ ৩৩ কেভি লাইন নির্মান করা হয়েছে। উক্ত লাইনটি বিদ্যুতায়নের জন্য ডাকাতিয়া নদীর উপর রিভার ক্রসিং টাওয়ার প্রয়োজন এবং টাওয়ার নির্মানের কাজ শতভাগ প্রকল্পে অন্তর্ভূক্ত করা হয়েছে যাহা সময় সাপেক্ষ ব্যাপার। এ ক্ষেত্রে ফরিদগঞ্জ ও হাইমচর উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ একটি চ্যালেঞ্জ। তাছাড়া অত্র সমিতির ৩৭০৯ কিঃমিঃ দীর্ঘ বৈদ্যুতিক লাইন রয়েছে। ফলে গাছ-গাছালিসমৃদ্ধ গ্রামীন এলাকায় এবং উপকূলীয় এলাকায় দুর্যোগপূর্ণ অবস্থায় বিদ্যুৎ সচল রাখাও সমিতির জন্য একটি চালেঞ্জ। শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে আর্থিকভাবে অস্বচ্ছল অত্র পবিসের পক্ষে পিডিবি, পিজিসিবির বিল ও দৈনন্দিন ব্যয় নির্বাহের পর ট্রান্সফরমার, মিটার ও সার্ভিস ড্রপ এবং রক্ষনাবেক্ষন মালামাল নগদ মূল্যে ক্রয় করাও অত্র সমিতির জন্য একটি বড় সমস্যা।

- **ভবিষ্যৎ পরিকল্পনা ঃ**

ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে চাঁদপুর পবিস-২ এর আওতাধীন মতলব উত্তর, মতলব দক্ষিন এবং ফরিদগঞ্জ উপজেলায় আগামী ডিসেম্বর/২০১৮ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়নের রোডম্যাপ রয়েছে। গ্রাহকগনের চাহিদা পূরনের লক্ষ্যে চাঁদপুর সদর উপজেলার CSDP-2 প্রকল্পের আওতায় বালিয়ায় ১০ এমভিএ, মতলব উত্তর উপজেলার সুজাতপুরে ১০ এমভিএ উপকেন্দ্র এবং UREDS প্রকল্পের আওতায় ফরিদগঞ্জ উপজেলার কামতায় ২০ এমভিএ নতুন উপকেন্দ্র নির্মান করা হবে। এছাড়া শতভাগ প্রকল্পের আওতায় ০২টি উপকেন্দ্রের ক্ষমতা ১০এমভিএ থেকে বৃদ্ধি করে ২০ এমভিএ করা হবে। কুমিল্লা জেলার তিতাস গ্রীড হতে ১৮ কিঃমিঃ এবং লক্ষীপুর জেলার রামগঞ্জ গ্রীড হতে ১৫ কিঃমিঃ ৩৩কেভি একটি লাইন নির্মান কাজ চলমান রয়েছে। এছাড়া ডাকাতিয়া নদীর উপর রিভার ক্রসিং টাওয়ার নির্মান সময় সাপেক্ষ বিধায় ফরিদগঞ্জ উপকেন্দ্রের বিকল্প সোর্স লাইনের জন্য রামগঞ্জ গ্রীড হতে চলমান কার্যাদেশের আওতায় কামতা হতে বাগাদী চৌরাস্তা পর্যন্ত ১৩.৭৭ কিঃমিঃ ৩৩ কেভি লাইন নির্মানের BOQ প্রেরণ করা হয়েছে। ক্রমবর্ধমান গ্রাহকের চাহিদা পূরণ ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষ্যে প্রস্তাবিত UREDS Phase-2 প্রকল্পের আওতায় হাইমচর ১০ এমভিএ, মতলব দক্ষিন-২, ১০ এমভিএ, ফরিদগঞ্জ-৩, ১০ এমভিএ, চাঁদপুর-৪, ১০ এমভিএ এবং মতলব উত্তর-৩, ১০ এমভিএ উপকেন্দ্র নির্মানের এবং মতলব দক্ষিন উপজেলায় একটি গ্রীড উপকেন্দ্র নির্মানের প্রস্তাব করা হয়েছে।

উপরিউক্ত ৩৩ কেভি লাইন ও উপকেন্দ্র সমুহ নির্মান সম্পন্ন হলে এবং প্রস্তাবিত গ্রীড উপকেন্দ্র নির্মান ও বিদ্যুতায়নের পর উক্ত গ্রীড হতে বিদ্যুৎ গ্রহনের মাধ্যমে অত্র সমিতির সিস্টেম লস ১০% এর মধ্যে আনয়ন করা সম্ভব হবে। পাশাপাশি বকেয়া মাসও কাঙ্খিত পর্যায়ে আনা সম্ভব হবে।

**২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য লক্ষ্যমাত্রা সমূহ:**

০১। অত্র পবিসের আওতাধীন পাঁচটি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করা।

০২। ০৩ টি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মান।

০৩। পবিসের আর্থিক সক্ষমতা বৃদ্ধি।

০৪। বকেয়া মাস ১.০০ অর্জন করা।

০৫। মতলব উত্তর ১৫ এমভিএ উপকেন্দ্রকে ২০ এমভিএতে এবং মতলব দক্ষিন ১০ এমভিএ উপকেন্দ্রকে ২০ এমভিএতে উন্নীতকরন।

০৬। ৪০ কিঃমিঃ ৩৩ কেভি সোর্স লাইন নির্মানকরণ।

০৭। ডাকাতিয় ও মেঘনা-ধনাগোদা নদীর উপর(তিন সেট) রিভার ক্রসিং টাওয়ার নির্মানকরন।

# উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিসসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে *চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২* কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে

সভাপতি, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

এবং

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০১৭ সালের ......জুন......মাসের......০৫......তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন ঃ

## সেকশন ১:

চাঁদপুর পবিস-২ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision): চাঁদপুর পবিস-২ এর আওতাধীন সকল জনগনকে মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ করা।

১.২ অভিলক্ষ্য (Mission): জুন/২০১৮ সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠিকে (প্রতিটি ঘরে) বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়া।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

০১। বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন।
০২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদান।
০৩। বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠি বৃদ্ধি।
০৪। আর্থিক সক্ষমতা অর্জন।

### ১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ঃ

০১। দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা।
০২। কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।
০৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
০৪। কর্ম পরিবেশ উন্নয়ন।
০৫। তথ্য অধিকার ও সপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা।
০৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি (Functions):

০১। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।
০২। কারিগরি উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাসকরণ।
০৩। বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগনকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।
০৪। অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।
০৫। পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।
০৬। নতুন গ্রাহক সংযোগ সহজীকরণ।
০৭। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষনাবেক্ষন ও মেরামত করা।
০৮। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পথস্বত্ত্ব মুক্তকরণ।
০৯। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা।
১০। বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।
১১। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সুষ্ঠ কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা।
১২। সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।
১৩। বিদ্যুৎ লাইনে কাজের ক্ষেত্রে সবার আগে নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক কার্যাদি সম্পন্ন করা।
১৪। ডিজিটালাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিত করণ।

## সেকশন-২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার,কাযক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

# চাঁদপুর পবিস-২

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* ডিসেম্বর'১৬ পর্যন্ত | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতিমান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | | 1. System Loss (Grid Meter) [ % ] (w/o resale) | % | ২৮ | ১৪.৪২% | ১৩.২১% | ১২.৭৫% | | | | | | |
| | | | 2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale) | Month | ১৪ | ১.০৮ | ১.২৭ | ১.০৫ | | | | | | |
| | | | 3. Collection Bill(CB) Ratio (%) (without GOB rebate & res | % | ১ | ১০০.৪৮% | ৯৪.৮৫% | ৯৯.০০% | | | | | | |
| | | | 4. Collection Import (CI) Ratio (%) (w/o rebate & resale) | % | ১ | ৮৫.৯৯% | ৮২.৩১% | ৮৬.৩৮% | | | | | | |
| | | | 5. Recovery of amounts written=off | % | ১ | ৭.৮০% | ০.১১% | ৫.০০% | | | | | | |
| | | | 6. Payment of debt service liability (Tk' 000) | Tk | ৭ | ২১,৮১৭ | ৭,৫০০ | ৬০,০০০ | | | | | | |
| | | | 7. O & M EXP. (EX. PC , Depre. Int. & Pro. Uncoll. AMT.)(TK) / Kwh Sold (w/o resale) | Tk | ২ | ১.১৮ | ১.২৬ | ১.৬০ | | | | | | |
| | | | 8. Rev. / KM of Line w/o resale (TK)' 000 | Tk | ১ | ২৯৮ | ১৬৯ | ৩২৮ | | | | | | |
| | | | 9.Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM) | % | ১ | ৩৪.০০% | ১৬.৭৮% | ২৫.০০% | | | | | | |
| | | | 10. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed Transformer (no.) | % | ১ | ৭.৩০% | ২.৯০% | ৪.০০% | | | | | | |
| | | | 11.Percentage of Damaged Transformer repaired | % | ১ | ৩৭% | ২৫% | ১০০% | | | | | | |
| | | | 12. Ratio of connected consumer (over 90 days) against service in place – (Except irrigation) | % | ২ | ১.৬৩% | ৮.২৭% | ৩.০০% | | | | | | |
| | | | 13. Store Management Performance: | | | | | | | | | | | |
| | | | a. Physical Inventory of all Stores under PBS (2016- | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* ডিসেম্বর'১৬ পর্যন্ত | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতিমান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | b. Timely Closeout of Mini & Force Work Order | % | ১ | ৮১% | ৬৭% | ৮০% | | | | | | |
| | | | 14. Maintenance and Up-gradation of equipment record card (ERC) | % | ২ | ৭৫% | ৭৩% | ১০০% | | | | | | |
| | | | 15.Improvement of Power Factor | | ১ | ০.৯৫ | ০.৯৩ | ০.৯২ | | | | | | |
| | | | 16. Action on Meter Report | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 17. Average Training hour per Employee | Hour | ২ | ৬৭ | ৪৩ | ৭৫ | | | | | | |
| | | | 18. Implementation of Annual Development Program (Issuance of Staking Sheet) | % | ১ | ১৪১% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 19. Timeliness to attend Consumer's complain | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 20. System Average Interruption Duration Index (SAIDI) | Minute | ২ | ২৯১ | ৩০০ | ১৫০০ | | | | | | |
| | | | 21. System Average Interruption Frequency Index (SAIFI) | Times | ২ | ১.৪০ | ১.৫ | ৭৮ | | | | | | |
| | | | 22.% of overloaded Transformer | % | ২ | ৮২% | ৩৯% | ২.০০% | | | | | | |
| | | | 23.% of New Connected Consumers | % | ৩ | ৮৮% | ৬১% | ১০০% | | | | | | |
| | | | 24.Accounts Payable | Month | ১ | | ১.০০ | ১.০০ | | | | | | |

# চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

## বাবুরহাট, চাঁদপুর।

**বিষয় ঃ বার্ষিক কর্মসম্পাদনের জন্য মাঠ পর্যায়ে কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ (মোট নম্বর-২০)**

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ |
|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সুচকের মান (Weight of | লক্ষ্যমাত্রার মান ২০১৭-১৮ (Target Value (2017-18) |
| দক্ষতার সঙ্গে কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ০৪ | ২০১৭-১৮ অর্থ বছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি মন্ত্রনালয় / বিভাগে দাখিলকৃত | তারিখ (১৭-০৪-১৭)) | ১ | ১০০% |
| | | ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা (৪) | ১ | ১০০% |
| | | ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মুল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ণ প্রতিবেদন দাখিলকৃত | তারিখ (১৫-০১-১৮) | ১ | ১০০% |
| | | ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ণ প্রতিবেদন দাখিল | বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ (১৩-০৭-১৭) | ১ | ১০০% |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবারমান মানোন্নয়ন | ০৯ | মাঠ পর্যায়ের কার্যালয় সমূহে কমপক্ষে একটি অনলাইন সেবা চালু করা | অনলাইনে সেবা চালুকৃত | তারিখ (৩১-১২-১৭) | ১ | ১০০% |
| | | দপ্তর / সংস্থার কমপক্ষে ০১ সেবা প্রক্রিয়া সহজীকৃত | সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ (৩১-১২-১৭) | ১ | ১০০% |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত | তারিখ (০৪-০১-১৮) | ১ | ১০০% |
| | | | এসআইপি বাস্তবায়িত | ২৫% | ১ | ১০০% |
| | | পিআর এল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পি আর এল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | সংশ্লিষ্ট কর্মচারীর পি আর এল ও ছুটি নগদায়ন যুগপৎ জারিকৃত | ১০০% | ১ | ১০০% |
| | | সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | ১০০% | ১ | ১০০% |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিস্পত্তিকৃত অভিযোগ | ১০০% | ১ | ১০০% |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার(Waiting Room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ (৩১-১২-১৭) | ১ | ১০০% |
| | | সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ (৩১-১২-১৭) | ১ | ১০০% |
| | | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষনসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষনের সময় | জন ঘন্টা (৭৫) | ২ | ১০০% |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ |
|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দ্যেশ (Strategic Objectives) | কৌশলগত উদ্দ্যেশের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সুচকের মান (Weight of | লক্ষ্যমাত্রার মান ২০১৭-১৮ (Target Value (2017-18) |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ০৪ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থ বছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রনীত ও দাখিলকৃত | তারিখ (১৬-০৭-১৭) | ১ | ১০০% |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা (৪) | ১ | ১০০% |
| তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ০১ | তথ্য বাতায়ন হাল নাগাদকরণ | তথ্য বাতায়ন হাল নাগাদকৃত | ৮০% | ০.৫০ | ১০০% |
| | | স্বপ্রনোদিত তথ্য প্রকাশিত | স্বপ্রনোদিত তথ্য প্রকাশিত | ১০০% | ০.৫০ | ১০০% |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ০২ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | ৫০% | ২ | ৫০% |

আমি, সভাপতি, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড - এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকবো।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সভাপতি, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবো।

স্বাক্ষী:

স্বাক্ষরিত:

তারিখঃ ১৫/০৬/২০১৭ খ্রিঃ

মোহাম্মদ আবু তাহের
জেনারেল ম্যানেজার
চাঁদপুর পবিস-২
জেনারেল ম্যানেজার
চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

মোঃ মফিজুল ইসলাম
সভাপতি
সভাপতি
চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
চাঁদপুর পবিস-২

১৫/০৬/১৭

পরিচালক, পবিস ব্যাবস্থাপনা ও পরিচালন
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
(মোঃ শহিদুল করিম)
উপ-পরিচালক (কেঃ অঃ)
ও
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

১৫/৬/১৭

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
(হাসিনা বেগম)
উপ-সচিব (বোর্ড)
ও
সচিব (অঃ দাঃ), বাপবিবোর্ড